



## এইচএসসি প্রোগ্রামে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়- এর ওপেন স্কুল পরিচালিত এইচএসসি প্রোগ্রামের মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ:  
আবেদনের তারিখ : ১৫ এপ্রিল থেকে ১৫ জুন ২০২৫ [ওরিয়েন্টেশন ও টিউটোরিয়াল ক্লাস : ০৮ আগস্ট ২০২৫]

### ভর্তির যোগ্যতা

এসএসসি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

### প্রয়োজনীয় কাগজপত্র

- ২ কপি ছবি
- এসএসসি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সনদ
- জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি

### ভর্তি ও অন্যান্য ফি

|   |         |
|---|---------|
| ● অনলাইন আবেদন ফি                                 | ১০০/-   |
| ● রেজিস্ট্রেশন ফি                                 | ১৫০/-   |
| ● কোর্স ফি (প্রতি কোর্স ৫৮৮/-)                    | ৩,৫২৮/- |
| ● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক) ব্যবহারিক ফি | ১২৫/-   |
| ● একাডেমিক ক্যালেন্ডার ফি                         | ৫০/-    |
| ● ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি                 | ২০০/-   |
| ● পরীক্ষা ফি (প্রতি কোর্স ৫০/-)                   | ৩০০/-   |
| ● প্রথম বর্ষ নম্বরপত্র ফি                         | ৭০/-    |

মোট ভর্তি ফি (ন্যূনতম) ৪,৫২৩/-

- ঐচ্ছিক বিষয়ের জন্য অতিরিক্ত কোর্স ফি ও পরীক্ষার ফি ৬৩৮ টাকা এবং ব্যবহারিক কোর্স প্রতি অতিরিক্ত ১২৫ টাকা করে জমা দিতে হবে।
- তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীগণ কোর্স ফি'র শতকরা ৬০ ভাগ ছাড় পাবেন।
- বি. দ্র. ভর্তির ক্ষেত্রে এসএসসি/সমমানের পাসের সনদ অনুযায়ী আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ এক হতে হবে।

## অনলাইনে ভর্তি প্রক্রিয়া

- যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন। Admission Tab এর অধীনে Open School- এ ক্লিক করে এইচএসসি প্রোগ্রামের পাশে প্রদর্শিত View Circular বাটনে ক্লিক করে ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পড়ে Apply Now বাটনে ক্লিক করতে হবে। অতঃপর General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ছবি (300×300pixel, JPG Format) এবং স্ক্যান করা স্বাক্ষর (300×100pixel, JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করা শেষে Finish বাটনে ক্লিক করে প্রদর্শিত কোর্সসমূহ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে। সঠিকভাবে ফরম পূরণ শেষে শিক্ষার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে এবং প্রদত্ত ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway/System সমূহ থেকে যে কোনো একটির মাধ্যমে ফি জমা দিতে হবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" বার্তাটি প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- Online-এ ভর্তির আবেদন সম্পন্ন করার পর শিক্ষার্থীর Temporary User ID ও Password ব্যবহার করে OSAPS এ Login করে Print Profile বাটনে ক্লিক করে প্রদর্শিত আবেদনপত্রটি এবং Payment History থেকে Action মেনুর Print অপশনে ক্লিক করে Payment Slip-টি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত আবেদনপত্র ও Payment Slip এর সাথে ২ কপি ছবি, এসএসসি/সরকার স্বীকৃত সমমানের সনদ, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি ১০ (দশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে জমা প্রদান করতে হবে। শিক্ষার্থীর সকল তথ্য যাচাই- বাছাই পূর্বক বাউবির ভর্তি কর্মকর্তা শিক্ষার্থীর ID Generate করবেন, যা SMS ও ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- Online ভর্তি সংক্রান্ত যে কোনো সমস্যার জন্য ভর্তির তারিখ থেকে পরবর্তী ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে OSAPS Helpline (০১৬১৮৯৭৭২৩৭ ও ০১৯০৭৪৫১৬১২ রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৮:৩০ হতে বিকাল ৩:৩০ পর্যন্ত), ইমেইল ([help.osaps@bou.ac.bd](mailto:help.osaps@bou.ac.bd)) অথবা বাউবির সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে যোগাযোগ করতে হবে।

অনলাইনে ভর্তির জন্য  
কিউআর কোডটি স্ক্যান করুন।



অথবা  
সরাসরি অনলাইন ভর্তির জন্য:  
[osapsnew.bou.ac.bd](https://osapsnew.bou.ac.bd)  
বিস্তারিত জানতে:  
[www.bou.ac.bd](http://www.bou.ac.bd)

অধ্যাপক ড. মহা: আমিরুল ইসলাম  
সভাপতি  
ভর্তি কমিটি, এইচএসসি প্রোগ্রাম  
ওপেন স্কুল, বাউবি।

বি. দ্র. ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলি ও সংযুক্ত কাগজপত্র অসত্য প্রমাণিত হলে যে কোনো সময় ভর্তি বাতিল বলে গণ্য হবে।